



ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

মহান বিজয় দিবস উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র কুরআনখানী, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঢাকা, ১৬ ডিসেম্বর ২০১৭, শনিবার ॥

মহান বিজয় দিবস-২০১৭ উপলক্ষে আজ (১৬ ডিসেম্বর, শনিবার) সকাল ১০.০০ টায় বায়তুল মুকাররম জাতীয় মসজিদে পবিত্র কুরআনখানী, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় মহান মুক্তিযুদ্ধে দেশের জন্য আত্মদানকারী সকল শহীদদের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। মিলাদ ও মুনাজাত পরিচালনা করেন বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম হাফেজ মাওলানা মিজানুর রহমান।

মুনাজাতে স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করা হয় এবং মুসলিম বিশ্বের শান্তি, সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া করা হয়।

মুনাজাতে ইসলামিক ফাউন্ডেশনের দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক মোঃ মোজাহারুল মান্নান, উপ-পরিচালক মোঃ হারেস সিনহাসহ কর্মকর্তা-কর্মচারি ও সাধারণ মুসল্লীগণ অংশগ্রহণ করেন। অন্যদিকে সকাল ১১.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন কর্মচারি কল্যাণ সমিতির উদ্যোগে ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে ‘মহান বিজয় দিবসের গুরুত্ব ও তাৎপর্য’ শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশনের সাবেক পরিচালক মু. হারুনুর রশীদ। প্রধান আলোচক হিসেবে ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক মুহাম্মদ মহিউদ্দীন মজুমদার বক্তব্য রাখেন। এছাড়া অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে ইসলামিক ফাউন্ডেশনের সাবেক পরিচালক মুহাম্মদ তাহের হোসেন, ইসলামিক ফাউন্ডেশন কর্মচারি কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক ফরিদ আহমদ, সভাপতি সৈয়দ আনোয়ার হোসেন প্রমুখ বক্তব্য রাখেন।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬